স্ত্রীর নামে ৫ লক্ষ মশারির বরাত! জালে জয়গাঁর সেই ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার: নিজের স্ত্রীর নামে ৫ লক্ষ মশারি কেনার বরাত! কাজ না করিয়ে টাকা তুলে নেওয়া। পাশাপাশি জয়গাঁ ডেভেলপমেন্ট অথরিটির ২৮টি ফাইল লোপাটে অভিযুক্ত ইঞ্জিনিয়ার পার্থসারথি দাসের শেষ রক্ষা হল না। জয়গাঁ থানার পুলিশ তাঁকে গ্রেপ্তার করল। বৃহস্পতিবার জয়গাঁ থানায় এসে আত্মসমর্পন করেন ২৮টি ফাইল লোপাটে অভিযুক্ত ইঞ্জিনিয়ার। আদালতে তাঁকে সাত দিনের পুলিশি হেপাজতে পাঠিয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, লক্ষ লক্ষ টাকা দুর্নীতিতে অভিযুক্ত এই ইঞ্জিনিয়ার প্রথমে হাইকোর্টে আগাম জামিনের আবেদন জানালেও তা নাকচ হয়ে যায়। তারপরে সুপ্রিম কোর্টে যান তিনি। সেখানেও আবেদন নাকচ করায় বৃহস্পতিবার জয়গাঁ থানায় আত্মসমর্পন করেন তিনি। জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশী বলেন, ''থানায় আত্মসমর্পন করার পর আমরা তাঁকে গ্রেপ্তার করেছি।'' জয়গাঁ ডেভেলাপমেন্ট অথরিটির অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পার্থসারথি দাস নিজের স্ত্রীর নামে ৫ লক্ষ মশারি কেনার বরাত দিয়েছিলেন। শুধু তাই নয় টেন্ডার না করেই কাজ করানো, কাজ না করিয়েই টাকা তুলে নেওয়া-সহ নানা আর্থিক গরমিল ও তছরূপের অভিযোগ ওঠে আলিপুরদুয়ার শহরের চার নম্বর ওয়ার্ডের বাসিন্দা এই ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে। ২০২৪ সালে এই অভিযোগ প্রথমে আনেন জয়গাঁ ডেভেলপমেন্ট অথরিটির চেয়ারম্যান গঙ্গাপ্রসাদ শর্মা। ওই বছর ৬ সেপ্টেম্বর এই ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে জেলা শাসকের কাছে লিখিত অভিযোগ জানান গঙ্গাপ্রসাদ। তারপরই এই ইঞ্জিনিয়ারকে সাসপেন্ড করে রাজ্য। কিন্তু সাসপেন্ডের পর নতুন দায়িত্ব প্রাপককে জয়গাঁ ডেভেলপমেন্ট অথরিটির ২৮ টি ফাইল তিনি বুঝিয়ে দেননি। এরপরে জয়গাঁ থানাতে এই ইঞ্জিনিয়ারের বিরুদ্ধে ৫ ডিসেম্বর অভিযোগ জানায় ডেভেলাপমেন্ট অথরিটি। তদন্ত শুরু করে পুলিশও। পরবর্তীতে আদালতে মামলা করেন এই ইঞ্জিনিয়ার। কিন্তু শেষ রক্ষা হল না। তাঁর জামিনের আবেদন ফেব্রুয়ারি মাসে নাকচ করে হাইকোর্ট। সুপ্রিম কোর্টেও আবেদন নাকচ হওয়ায় আত্মসমর্পনে বাধ্য হলেন তিনি। এসজেডিএ-র কয়েক হাজার মশারি বিনামূল্যে বিলি করে জেডিএ। সেই মশারি বিলির ফাইল লোপাট হয়েছে। এছাড়া জয়গাঁর রাস্তা নির্মাণ না করেই টাকা তোলা হয়েছে বলে অভিযোগ। সেই রাস্তা নির্মাণ-সহ নানা ফাইল উধাও।

৩০০ টাকায় অসুর বধের ১০ অস্ত্র মায়ের

বিশ্বজ্যোতি ভট্টাচার্য

শিলিগুড়ি : হিমালয় দেবীকে তাঁর বাহন সিংহ দান করলেন। দেবী সিংহবাহিনী হয়ে মহিষাসুর বধের উদ্দেশ্যে যাত্রা করলেন। রনংদেহী রূপে দেবীকে সাজাতে তাঁর দশহাতে দশ অস্ত্র তুলে দিয়েছিলেন ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বররা। কিন্তু চক্র থেকে ত্রিশূল, শঙ্খ থেকে ঘণ্টা দশ অস্ত্র প্যাকেটবন্দি হয়ে পাওয়া যাচ্ছে মোটে তিনশো টাকায়। একটু ভালো কোয়ালিটি হলে মেরেকেটে ৫০০ টাকা, সবচেয়ে ভালো কোয়ালিটির শক্তপোক্ত হলে দেড় হাজার। তাও তো এবার দাম বেশি। কারন, অসময়ে ভারী বৃষ্টির জন্য অস্ত্র কারখানা থেকে অস্ত্র সম্ভার ঠিকঠাক সময় মতো এসে পৌঁছায়নি উত্তরবঙ্গের বিভিন্ন জেলার বাজারে।

এমনিতে আলাদা আলাদা করে পিতলের সাত অস্ত্র কিনতে গেলে দাম কম করে পড়বে ২২ থেকে ২৫ হাজার টাকা। কিন্তু পুজোয় তো আর দুর্গার হাতে ভারী ভারী অস্ত্র তুলে দেওয়া যায় না। তাতে প্রতিমার ওজন যেমন বাড়বে, তেমনই দামও। অগত্যা বনগাঁ, হাওড়া, উলুবেড়িয়ার 'অস্ত্রভাণ্ডার' থেকে আনা টিনের রঙচঙে অস্ত্রেই দেবী সজ্জিতাহন অসুরবধে। মান অনুযায়ী বিভিন্ন গ্রেডে বিভক্ত দেবীর সমরাস্ত্র। গ্রেড অনুযায়ী দাম। এক প্যাকেটের মধ্যে রয়েছে ত্রিশূল থেকে সুদর্শন চক্র। এবার দাম ৩০০ টাকা থেকে দেড় হাজার টাকা। শিলিগুড়ি বিধান মার্কেটের দেবীর সাজসজ্জা ও অস্ত্র বিক্রেতা বিপুল সরকার অথবা জলপাইগুড়ি দিন বাজারের নিমাই দাস একই সুরে জানান, ''এবার দেবীর অস্ত্র সামগ্রীর দাম অনেকটাই বেড়েছে। গত বছর যে প্যাকেট ৩০০ টাকায় মিলেছে এবার সেটা অন্তত ৫০০ টাকায় কিনতে হবে। বিপুলবাবু বলেন, ''সবই কলকাতার বাজার থেকে আসে। সেখানেই দাম বেশি। কিছু করার নেই। এখনও দেবীর অস্ত্রের প্যাকেট খোলা হয়নি। গুদামে আছে। বিশ্বকর্মা পুজোর পর দোকানে আসবে। তখন গ্রেড অনুযায়ী দাম বলা যাবে।'' তবে কলকাতা ছাড়াও দেবীর অস্ত্র বনগাঁ, হাওড়া, উলুবেড়িয়া থেকেও আলিপুরদুয়ার, কোচবিহারের ব্যবসায়ীরা সংগ্রহ করছেন। আলিপুরদুয়ার বড় বাজারের বিক্রেতা সুরঞ্জন দত্ত জানান, ''গত বছর থেকে দেবীর অস্ত্র এবং অলংকারের দাম অন্তত ২০ শতাংশ বেড়েছে। ৪০০ টাকার কারুকাজ করা প্লাস্টিকের মালা ৫০০ থেকে ৬০০ টাকা হয়েছে। অলঙ্কারের সেট হাজার টাকা থেকে শুরু। মুকুট, নেকলেস, চুরি সবই হাজার টাকার উপরে দাম উঠেছে।'' আর একজন শিল্পী জানালেন, ''আমরা শুনেছি কলকাতা থেকে টিনের সিট কিনে নিয়ে এসে সেগুলি লোহা বা কাঠের হাতুড়ি দিয়ে পিটিয়ে সোজা করার পর সাইজ মতো কেটে নেওয়া হয়। তারপর রং ও তুলির সংস্পর্শে অস্ত্রকে রঙিন করে তোলা হয় হাওড়ার উলুবেড়িয়া থেকে নদিয়ার কৃষ্ণনগরের পালপাড়া এবং নবদ্বীপে। সেখানেই দেবীর মূল অস্ত্র কারখানাগুলি।''

এদিকে এক ট্রাক মাটির দাম ৩ হাজার টাকা থেকে বেড়ে ৫ হাজার টাকা হয়েছে। শিলিগুড়ি কুমোরটুলির রমেশ পাল বলেন, ''একে ভালো মাটি মিলছে না। তার উপর দাম প্রায় দ্বিগুণ হয়েছে।'' ময়নাগুড়ির মৃৎ শিল্পী সুধীর পাল জানান, ''কারিগরের মজুরি বেড়েছে। বাঁশ, খড়, কাঠের দাম আকাশ ছোঁয়া। তাই প্রতিমার দাম অন্তত কুড়ি শতাংশ বেড়েছে। দু'বছর আগে, ১২ ফুট উচ্চতার প্রতিমা ১০-১৫হাজার টাকায় মিলেছে। এবার সেটা ২০-২৫ হাজার টাকা। ১৬ ফুট উচ্চতার প্রতিমা ৫০ হাজার টাকা থেকে ৭০ হাজার টাকায় পৌঁছে গিয়েছে। থিমের প্রতিমার দাম আরও বেশি।'' সুধীরবাবু বলেন, ''ওই দামে প্রতিমা বিক্রি করেও খুব একটা লাভ ঘরে থাকবে না।'' তবে জমিদার বা রাজবাড়ির অস্ত্র ধরে রেখেছে ইতিহাস, ঐতিহ্যের পরম্পরা। মায়ের সেটাই প্রাপ্তি।

অস্ত্র	পুরান কথা
চক্র	চক্র দিয়েছিলেন শ্রী বিষ্ণু। চক্র দৃঢ়তা এবং সংহতির প্রতীক। চক্র থাকার অর্থ সৃষ্টির কেন্দ্রে অবস্থান।
কলির দাম	পিতলের ২০০ টাকা
ত্রিশূল	ত্রিশূল দান করেছিলেন স্বয়ং মহাদেব। মানুষের তিন গুণ, সত্য, তমঃ, রজঃ-র প্রতীক ত্রিশূলের ৩ ফলায়।
কলির দাম	২৫০০-৭৫০০ টাকা
শঙ্খ	বরুণ দেব দিয়েছিলেন শঙ্খ। শঙ্খের আওয়াজে স্বর্গ, মর্ত্য, নরকের অশুভ শক্তি ভীত ও দুর্বল হয়।
কলির দাম	৪০০-৫৫০০ টাকা
বজ্র	দেবীকে বজ্র দিয়েছিলেন দেবরাজ ইন্দ্র। মা দুর্গার হাতে অশনি দৃঢ়তা এবং সংহতির প্রতীক।
গদা	যমরাজ দিয়েছিলেন গদা। যা কালদণ্ড নামেও পরিচিত। এই অস্ত্র আনুগত্য, ভালবাসা এবং ভক্তির প্রতীক।
কলির দাম	১ কেজি ওজনের ১৬০০ টাকা

অস্ত্র	পুরান কথা
তীর ধনুক	পবন দেব দুর্গাকে দেন তীর ধনুক। উভয়ই ইতিবাচক শক্তির প্রতীক। যুদ্ধের সময় তীর ধনুক ব্যবহৃত হয়।
কলির দাম	ধনুক ৩০০, তির ১২৫
ঘণ্টা	ইন্দ্রের বাহন ঐরাবত দুর্গাকে ঘণ্টা দিয়েছিলেন। ঘণ্টা ধ্বনি অসুরদের তেজকে দুর্বল করে।
কলির দাম	২০০-৬০০ টাকা
পদ্ম	ব্রহ্মা তুলে দেন পদ্ম। পাঁকে জন্মালেও কলঙ্কহীন। দেবীর আশীর্বাদে অন্ধকার কেটে আলোর সঞ্চার হয়।
কলির দাম	২০-৫০ টাকা
খড়্গ	ধড়্গ বা তলোয়ার দিয়েছিলেন পুত্র গণেশ। এর মাধ্যমে সমস্ত অশুভ শক্তির সমাপ্তি করেন মা।
কলির দাম	পিতলের ১ ফুট ১০০০টাকা
নাগপাশ	শেষনাগ দেবী দুর্গাকে দিয়েছিলেন নাগপাশ। শুদ্ধ চেতনার প্রতীক হল এই সাপ।

ছুঁয়ে দেখা...

বালুরঘাটের পতিরাম কুমোরটুলিতে ছবিটি তুলেছেন রতন দে।

স্কুল বাসে লরির ধাক্কা, অল্পের জন্য রক্ষা আলিপুরদুয়ারের ছয় পড়ুয়ার

নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার: বালি বোঝাই ডাম্পারকে ওভারটেক করতে গিয়ে স্কুলবাসকে মুখোমুখী ধাক্কা মারল বালি বোঝাই ট্রাক। অল্পের জন্য রক্ষা পেল তপসিখাতার এক বেসরকারি বিদ্যালয়ের পড়ুয়ারা। বৃহস্পতিবার দুপুর দুটো নাগাদ আলিপুরদুয়ার শহর লাগোয়া শোভাগঞ্জ এলাকায় এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় স্কুল ছাত্র ছাত্রীরা কেউই গুরুতর জখম হয়নি। সবাইকে নিরাপদেই বাড়ি ফিরিয়ে দিয়েছে আলিপুরদুয়ার ট্রাফিক পুলিশের কর্তারা। আলিপুরদুয়ার ট্রাফিক পুলিশের ওসি মঞ্জয় দত্ত বলেন, ''আমরা এই ঘটনার তদন্ত শুরু করেছি। তবে রক্ষা কোনও ছাত্রছাত্রী জখম হয়নি।'' প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, স্কুল বাসটি বাম দিক ধরেই চেকোর দিকে যাচ্ছিল। উলটো দিক থেকে আসা একটি বালি বোঝাই লরি এক ডাম্পারকে ওভারটেক করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে স্কুল বাসের লাইনে ঢুকে সেটিকে ধাক্কা মারে। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়। স্কুল বাসের চালক আশিস বরগাও বলেন, '' আমি আমার সাইড দিয়ে ধীরেই যাচ্ছিলাম। উল্টো দিক থেকে আসা ট্রাকটি ডাম্পারকে ওভার টেক করতে গিয়ে আমার সাইডে চলে আসে। আমি আমার গাড়িটিকে আরও রাস্তার কিনারে এনে থেমে যাই। নাহলে বড় সড় দুর্ঘটনা ঘটতে পারত। বাসে ছয় পড়ুয়া ছিল। তাদের তেমন কিছু হয়নি। ঝাঁকুনিতে বাচ্চারা একটু ভয় পেয়েছে।'' এদিকে এই ঘটনার পর আশপাশের লোক ও আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল ঘটনাস্থলে যান। সেখানে সকলেই শিশুদের বাস থেকে নামিয়ে নিতে সাহায্য করেন। রাস্তার মাঝেই দুর্ঘটনা কবলিত ট্রাক ও স্কুল বাস দাঁড়িয়েছিল। পরে পুলিশ সেই দুই গাড়িকে সরিয়ে রাস্তায় যানজট মুক্ত করেন। বিধায়ক সুমন কাঞ্জিলাল বলেন, '' দিনের বেলা বালি বোঝাই ট্রাক রাস্তায় চলছিল। তবে ভগবান রক্ষা করেছেন কোনও ছাত্রছাত্রীর কিছু হয়নি। বালি বোঝাই ট্রাকগুলি কখন শহরে চলতে পারে কেউই তা আমাকে বলতে পারেনি। আমি প্রশাসনের সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলব।''

ফের ঘিস নদীর পাড়ে মর্টার শেল উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, মালবাজার: মাল ব্লকের ওদলাবাড়ি এলাকায় ফের উদ্ধার মর্টার শেল। বৃহস্পতিবার সকালে ঘিস নদীতে কাজে যাওয়ার পথে শ্রমিকদের চোখে পড়ে এই বস্তুটি। প্রথমে বুঝতে না পেরে আতঙ্কিত হয়ে পড়েন তাঁরা। মালবাজার থানার পুলিশ দ্রুত ঘটনাস্থলে এসে এলাকাটি ঘিরে ফেলে। প্রাথমিকভাবে অনুমান, এটি বহুদিন আগের যুদ্ধাস্ত্র বা সামরিক মহড়ায় ব্যবহৃত শেল হতে পারে। তবে এটি সক্রিয় অবস্থায় আছে কিনা, তা নিশ্চিত হওয়ার জন্য সেনাবাহিনীকে খবর দেওয়া হয়েছে।

এই নিয়ে ১০-১১ বার মর্টার সেল পাওয়া গেল ঘিস নদীতে। অনেকেই বলছেন, ২০২২ সাল তিস্তার প্রবল জলোচ্ছ্বাসে উত্তর সিকিমে সেনাবাহিনীর শিবির ভেসে গিয়েছিল। ফলে গোলা-বারুদও ভাসে। পরে সেনাবাহিনীর জওয়ানরা নিম্নএলাকা থেকে কিছু উদ্ধার করে। অনুমান করা হচ্ছে পরিত্যক্ত এই শেলগুলি সেই ভেসে যাওয়া সেনাশিবিরের হতে পারে। শুক্রবার সেনাবাহিনী মর্টার শেলটি নিস্ক্রিয় করবে।

জলপাইগুড়িতে বিডিও অফিসে বিজেপির বিক্ষোভ। —সুবীর এস

বিডিওকে 'কু কথা' বিজেপি নেতার, বিতর্ক

জলপাইগুড়ি

নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি: জলপাইগুড়ি বিডিও অফিসে উত্তেজনা। স্মারকলিপি জমা দিতে গিয়ে ব্যারিকেড ভাঙার চেষ্টা করলেন বিজেপি কর্মী সমর্থকরা। বিজেপির প্রাক্তন জেলা সভাপতি বাপি গোস্বামীর বিরুদ্ধে উঠল কুরুচিকর মন্তব্যের অভিযোগ। রাজ্য সরকারের দুর্নীতি, স্বজন-পোষণ, পক্ষপাতিত্বের অভিযোগ তুলে বৃহস্পতিবার জলপাইগুড়ি সদর ব্লক বিজেপি উদ্যোগে প্রতিবাদ মিছিল করে বিজেপি। মিছিল বিডিও অফিসে পৌঁছোনোর আগেই পুলিশ আন্দোলনকারী বিজেপি নেতা কর্মীদের মূল গেটের বাইরে ব্যারিকেড দিয়ে আটকে দেয়। ঘটনাকে কেন্দ্র করে সাময়িক উত্তেজনা ছড়ায়। বিজেপি অভিযোগ, তৃণমূলের দুর্নীতি পাশাপাশি কেন্দ্র সরকারের বিভিন্ন প্রকল্পের টাকা সঠিক কাজে ব্যবহার করা হচ্ছে না। বিজেপি নেতা কর্মীদের প্রধান মন্ত্রী আবাস যোজনার ঘর থেকে বঞ্চিত করা হচ্ছে। বিজেপি প্রাক্তন জেলা সভাপতি বাপি গোস্বামী হুমকি দিয়ে বিডিওকে উদ্দেশে করে বলেন, ''২০২৬ সালের মে মাসের পর হিসেবটা সুদে আসলে বুঝে নেব।''

২০২৬ সালে মে মাসের পর উনি সেখানে থাকুক বিজেপি মণ্ডল সভাপতির পায়ের সামনে বসে থাকবে বলে মন্তব্য করেন বিজেপির প্রাক্তন জেলা সভাপতি বাপি গোস্বামীর। পরে বিডিও র সঙ্গে গিয়ে দেখা করেন। দাবিপত্র তুলে দেন বিজেপি নেতা কর্মীরা। বিডিও মিহির কর্মকার জানান, প্রতিনিধিরা এসে তাদের দাবির কথা জানিয়েছেন। বাইরে কে কী বলছে তা গায়ে মাখলে চলবেনা। মানুষ পরিষেবা পাচ্ছে কিনা সেটা দেখতে হবে।

রাজগঞ্জে গবাদি থেকেই ল্যাপটো স্পাইরা মানুষের শরীরে

নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি : ইঁদুর নয়। জলপাইগুড়ির রাজগঞ্জের চেকোরমারি গ্রামে গরু ও ছাগলের দেহে মিলল ল্যাপটো স্পাইরার জীবাণু। এর আগে এলাকার একটি মুরগী খামারকে রোগের উৎসস্থল হিসেবে দায়ী করা হলেও পরীক্ষার রিপোর্ট নেগেটিভ আসে। পরীক্ষার জন্য এলাকার বেশ কয়েকটি গরু, ছাগল, শুকর ও কুকুরের দেহের রক্তের নমুনা পরীক্ষার জন্য পাঠায় প্রাণী সম্পদ বিকাশ দপ্তর। তাতে গরু ও ছাগলের দেহে ল্যাপটো স্পাইরা ও জীবাণু পাওয়া যায়। রিপোর্ট আসার পরই প্রয়োজনীয় পদক্ষেপ শুরু করেছে দপ্তর। যে সব গরু ও শুকরের রক্তের রিপোর্ট পজিটিভ এসেছে সেগুলিকে আলাদা করে পর্যবক্ষণে রাখার জন্য প্রাণী সম্পদ আধিকারিক এবং প্রাণী বন্ধুদের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে বলে দপ্তরের উপ অধিকর্তা অভিজিৎ মন্ডল জানিয়েছেন। এক মাসের বেশি সময় ধরে রাজগঞ্জ ব্লকের সন্ন্যাসীকাটা পঞ্চায়েতের চেকোরমারি সহ বেশ কিছু গ্রামে জ্বর ও পেটের রোগের প্রাদুর্ভাব দেখা দেয়। শতাধিক মানুষ আক্রান্ত হন। পরীক্ষায় জন্ডিস ও ল্যাপটো স্পাইরা রোগ ধরা পড়ে। স্বাস্থ্য দপ্তরের তরফে মেডিক্যাল ক্যাম্প বসিয়ে চিকিৎসার ব্যবস্থা করা হয়। পিএইচির মাধ্যমে পরিশ্রুত পানীয় জল সরবরাহ করা হয় এলাকায়। তাতে পরিস্থিতি আগের তুলনায় অনেকটাই নিয়ন্ত্রণে বলে স্বাস্থ্য দপ্তরের দাবি।স্বাস্থ্য বিশেষজ্ঞদের বক্তব্য, ইঁদুর থেকেই মুলত ল্যাপটো স্পাইরা রোগ ছড়ায়। পাশাপাশি গবাদি পশুর শরীরেও এই রোগ পাওয়া যায়। উপ অধিকর্তা অভিজিৎ মন্ডল জানান, যে সব গৃহপালিত প্রাণীর দেহের রক্তের নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়ে ছিল তার মধ্যে গরু ও ছাগলের দেহে ল্যাপটো স্পাইরার জীবাণু মেলায় প্রয়োজনীয় পদক্ষেপ করা হয়েছে। ইদুর ধরার জন্য এলাকায় কল পাতার ও ব্যবস্থা করছে স্বাস্থ্য দপ্তর। জলপাইগুড়ি জেলা পরিষদের সভাপতি কৃষ্ণা রায় বর্মন জানান, গবাদি পশুর শরীরে ল্যাপটো স্পাইরা পাওয়া গিয়েছে। রোগ যাতে আর ছড়াতে না পারে তার জন্য সমস্ত রকমের ব্যবস্থা নেওয়া হয়েছে।

বালুরঘাট স্টেশনের কাজ নিয়ে ক্ষোভ রেল কর্তার

নিজস্ব সংবাদদাতা, বালুরঘাট : বালুরঘাট সহ জেলার রেলস্টেশনে চলা কাজের গতি নিয়ে উষ্মা প্রকাশ করলেন উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে কাটিহার ডিভিশনের নয়া দায়িত্বপ্রাপ্ত ডিআরএম কীরেন্দ্র নাড়া। দীর্ঘসময় ধর চলতে থাকা কাজগুলি দ্রুত সমাপ্ত করার দিকে নজর দেওয়া হচ্ছে বলে জানান ওই রেল কর্তা। দক্ষিণ দিনাজপুর জেলার সদর রেল স্টেশন বালুরঘাটে বছর দুয়েক আগে শুরু হয় পিট ও সিক লাইনের কাজ। এর মধ্যে সিক লাইনের কাজটি শেষ হয়নি এখনও। এছাড়া এই স্টেশনেই চলছে তৃতীয় লাইন, ওভারব্রিজ-সহ পরিকাঠামোগত উন্নয়নের কাজ। পাশাপাশাপাশি অমৃত ভারত প্রকল্পর পৃথক কাজটিও চলছে এই স্টেশনে। সদ্য দায়িত্বপ্রাপ্ত কাটিহার ডিভিশনের ডিআরএম বৃহস্পতিবার পরিদর্শনে আসেন বালুরঘাট স্টেশনের নির্মীয়মাণ কাজগুলি। এখানে পিট, সিক লাইন, স্টেশনের অনান্য পরিকাঠামোগত কাজ ছাড়াও অমৃত ভারত প্রকল্পর কাজগুলি খতিয়ে দেখেন। এরপরেই তিনি উষ্মা প্রকাশ করেছেন। কাজের গতি নিয়ে তিনি কার্যত হতাশ হয়েছেন। যা প্রকাশ্যে স্বীকার করেও নেন তিনি। ডিআরএম কীরেন্দ্র নাড়া বলেন, ''যেভাবে কাজ চলছে তাতে আমি সন্তুষ্ট নই। যে ইউনিট কাজ করছে তাদের সঙ্গে কথা বলা হবে। বাকি স্টেশনেও অভিযোগ আছে। গিয়ে দেখা হচ্ছে। কী ভাবে শোধরানো যায় তা দেখছি। এছাড়া অমৃত ভারত প্রকল্পর কাজেও গতি নেই। বেশিরভাগ কাজ বাকিই রয়েছে। পুরো শক্তি দিয়ে কাজ করলেও ৭-৮ মাস সময় লাগবে তা শেষ হতে।''

সুইমিংপুলে বরাদ্দ নিয়ে তরজা তুঙ্গে

স্টাফ রিপোর্টার, রায়গঞ্জ: কালিয়াগঞ্জ শহরে সুইমিংপুল নির্মাণের দাবি শেষপর্যন্ত পূরণ হতে চলেছে। সুইমিংপুলের জন্য কালিয়াগঞ্জ পুর কর্তৃপক্ষকে সাংসদ তলবিলের ১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব দিলেন রায়গঞ্জের সাংসদ বিজেপি। এদিন পুরসভার বিরোধী দলনেতা তথা রায়গঞ্জের সাংসদ বিজেপির কার্তিকচন্দ্র পাল পুরচেয়ারম্যান রামনিবাস সাহার কাছে সুইমিংপুল গড়তে ১ কোটি টাকা বরাদ্দের আগ্রহ প্রকাশ করে আবেদন জানান। কার্তিকবাবু বলেন, ''সুইমিংপুল নির্মাণের জন্য ১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব দেওয়া হয়েছে। কালিয়াগঞ্জ শহরবাসীর দাবিকে মর্যাদা দিতে পুরসভা জমি দিলেই সুইমিংপুল নির্মাণের কাজ শুরু করা হবে।'' অন্যদিকে কালিয়াগঞ্জের পুরচেয়ারম্যান তৃণমূলের রামনিবাস সাহা বলেন, ''রাজ্য সরকারের সহযোগিতায় ইতিমধ্যে শহরের ৪ নম্বর ওয়ার্ডের বিসর্জনঘাট এলাকার প্রায় চার বিঘা জমির একাংশে সুইমিংপুল নির্মাণের জন্য ৮৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। ইতিমধ্যে টেন্ডার হয়ে গিয়ে। কাজ শুরু হবে। তাই, এই মুহূর্তে সুইমিংপুল নির্মাণের জন্য রায়গঞ্জের সাংসদ তহবিলের অর্থ বরাদ্দের প্রস্তাব গ্রহণ করার প্রয়োজন নেই। ''

কুপিয়ে খুন, ধৃত

স্টাফ রিপোর্টার, রায়গঞ্জ; জমি দখল নিয়ে পারিবারিক সংঘর্ষে ধারালো অস্ত্র দিয়ে এক ব্যক্তিকে কুপিয়ে খুন করার চেষ্টার অভিযোগে দুই যুবককে গ্রেপ্তার করল। বুধবার রাতে উত্তর দিনাজপুরের হেমতাবাদের সীমান্তবর্তী নওদা পঞ্চায়েতের সুরঙ্গপুরের ঘটনা। ধৃত আরিফ আলি এবং নওয়াজ আলি। বৃহস্পতিবার হেমতাবাদ থানার আইসি সুজিত লামা বলেন, ''ধৃতদের বিরুদ্ধে খুনের চেষ্টার অভিযোগে মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু হয়েছে।''

কঙ্কাল রহস্য

নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি : তালা বন্ধ ক্লাব ঘরে কঙ্কাল। আর তাকে কেন্দ্র করেই চাঞ্চল্য ছড়াল জলপাইগুড়ি শহরের বাবুপাড়ায়। স্থানীয় বাবুপাড়া পুজো কমিটির বন্ধ ক্লাব ঘর থেকে পচা গন্ধ পেয়ে বৃহস্পতিবার দুপুরে পুরসভা ও পুলিশ কে খবর দেন স্থানীয়রা। আসে কোতোয়ালি থানার পুলিশ ও পুরসভার ভাইস চেয়ারম্যান। প্রাথমিক পর্যবেক্ষণে শিশু অথবা মহিলার দেহাংশ বলে মনে হলেও পরে জানা যায় এটি কুকুরের দেহাংশ। আরও নিশ্চিত হওয়ার জন্য পুলিশকে ফরেনসিক পরীক্ষার জন্য পাঠাতে বলা হয়েছে বলে পুরসভার ভাইস চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায় জানিয়েছেন।

রায়গঞ্জে এবিভিপির বিক্ষোভ

স্টাফ রিপোর্টার, রায়গঞ্জ: ক্যাগের রিপোর্টে অভিযুক্ত অধ্যাপক ও আধিকারিকদের বিরুদ্ধে অবিলম্বে আইনি পদক্ষেপের দাবিতে বৃহস্পতিবার এবিভিপির নেতৃত্বে বিক্ষোভে সরব হল বিজেপির ছাত্র সংগঠনের ছাত্রছাত্রীরা। এদিন রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের মূল গেটের বাইরে ওই ছাত্রসংগঠনের নেতৃত্বে ধরনা অবস্থান বিক্ষোভে সামিল হল কর্মী সমর্থকরা। এবিভিপির উত্তরবঙ্গ সংগঠনিক সহ সম্পাদক দীপ দত্তের অভিযোগ, ''প্রায় বছর খানেক আগে রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের ক্যাগ রিপোর্ট প্রকাশিত হয়। প্রকাশিক রিপোর্টে একাধিক অধ্যাপক সহ বিশ্ববিদ্যালয়ের আধিকারিকদের বিরুদ্ধে আর্থিক দুর্নীতির পাশাপাশি পিএইচডি নিয়ে অনিয়ম সামনে আসে। কিন্তু অভিযুক্তদের বিরুদ্ধে কোনকরম আইনি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়েও কোন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না।'' তবে বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য দীপককুমার রায় বলেন, ''ক্যাগের রিপোর্টের উত্তর উচ্চশিক্ষা দপ্তরে জানানো হয়েছে। ফলে আইনি পদক্ষেপ গ্রহণের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের কার্যকরী সমিতিতে আলোচনা করা হবে।''

মিড-ডে মিলে বিরিয়ানি! অবাক পড়ুয়ারাই

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি: মিড ডে মিলে পাতে পড়ল গরমাগরম বিরিয়ানি...! ডাল-সয়াবিনের স্বাদ বদল, শিলিগুড়িরতে এবার দারুণ সারপ্রাইজ ছাত্র-ছাত্রীদের। বৃহস্পতিবার শিলিগুড়ির প্রাথমিক বালিকা বিদ্যালয়ে ছাত্রীদের বিরিয়ানি খাইয়ে মন জিতে নিলেন শিক্ষিকারা। হবে নাই বা কেন? ডাল, ভাত, খিচুড়ি বড়জোর ডিম বা সয়াবিনের তরকারি। মিড ডে মিলে এই খেয়েই পেট ভরাতে হয় খুদে পড়ুয়াদের। পাতে বিরিয়ানি পেয়ে একেবারে চেটেপুটে খেল খুদে পড়ুয়ারা।

সামনেই শিক্ষক দিবস সেই দিকে নজর রেখেই বিরিয়ানি রান্না করে মিডে মিলে খাওয়ানো হল এদিন দুপুরে মনের আনন্দে বিদ্যালয়ে ইশানী, ত্রিজয়ীদের। ইশানী ঘোষ বলে, ''মিড ডে মিলে বিরিয়ানি পেয়ে সত্যি ভালো লাগছে। দারুণ রান্না হয়েছিল। শিক্ষিকাদের ধন্যবাদ আমাদের জন্য এই আয়োজন করায়।'' আবার ত্রিজয়ী পাল বলেন, ''দারুন মজা। আমরা সকলে খুব খুশি। এভাবে বিরিয়ানি খাব তাও মিড ডে মিলে, এখনও বাবতে পারছি না।'' এই বিশেষ মিড ডে মিল প্রসঙ্গে জানাতে গিয়ে শিলিগুড়ি প্রাথমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মিতা ঘোষ বলেন, ''সামনে ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবস। সেই দিনটিতে প্রতি বছর ভিন্ন ভাবে পালিত করা হয়। এবছর সেই দিনটি সরকারি ছুটি থাকায় এই দিনটিকে বেছে নেওয়া হয়েছে। আমাদের খুব ভালো লাগছে ছাত্রীরা বিরিয়ানি খেয়ে দারুন খুশি।''

অস্ত্র-সহ ধৃত

স্টাফ রিপোর্টার, শিলিগুড়ি: শিলিগুড়ির বিশ্বদ্বীপ সিনেমা হলের সামনে থেকে গ্রেপ্তার এক যুবক। তার কাছ থেকে উদ্ধার একটি দেশি পিস্তল এবং এক রাউন্ড গুলি। ঘটনায় শহরে চাঞ্চল্য। বুধবার রাতে বিশ্বদ্বীপ সিনেমা হলের সামনে সন্দেহভাজন ঘোরাফেরা করছে এক যুবক। শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের প্রধান নগর থানার অ্যান্টি ক্রাইম উইং যুবককে তল্লাশি চালাতেই চক্ষু চড়কগাছ পুলিশের। তার পকেট থেকে উদ্ধার হয় একটি দেশি পিস্তল এবং এক রাউন্ড গুলি। এরপরই তাকে গ্রেপ্তার করা হ